গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

স্মারক নং: ৪৬.০০.০০০০.০৪১.৩১.০১.২৩ (অংশ-২)-১৪৯১ তারিখ: ০১ শ্রাবণ ১৪৩১ / ১৬ জুলাই ২০২৪

**বিষয়: ডেঙ্গু এবং অন্যান্য মশাবাহিত রোগের বিস্তার রোধ ও পরিচ্ছন্নতা কার্যক্রমে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত TVC সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ডেঙ্গু এবং অন্যান্য মশাবাহিত রোগের বিস্তার রোধ ও পরিচ্ছন্নতা কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা এবং সকল সিটি কর্পোরেশন, পৌরসভা, জেলা ও উপজেলা পরিষদ এবং ইউনিয়ন পরিষদ জরুরি ভিত্তিতে মশক নিধন ও পরিচ্ছন্নতা কার্যক্রম গ্রহণ করেছে।

০২। সারাদেশে ডেঙ্গুসহ মশাবাহিত রোগ প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত ৩০ (ত্রিশ) সেকেন্ডের Television Commercial (TVC) আগামী ১৭ জুলাই ২০২৪ হতে ১৫ আগষ্ট ২০২৪ তারিখ পর্যন্ত ৩০ (ত্রিশ) দিন দেশের বিভিন্ন বেসরকারি টেলিভিশন চ্যানেলে সম্প্রচার করা হবে। উক্ত TVC বিটিভি, বিটিভি ওয়ার্ল্ড এবং বাংলাদেশ বেতারে সম্প্রচার করা হলে সাধারণ জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধি পাবে।

০৩। এক্ষণে, ডেঙ্গুসহ মশাবাহিত রোগ প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে পিক/অফ-পিক আওয়ারে বিশেষ করে দুপুর, সন্ধ্যা ও রাতে সংবাদের শুরুতে ও মধ্যবর্তী সময়ে জনস্বার্থে বিটিভি, বিটিভি ওয়ার্ল্ড ও বাংলাদেশ বেতারে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত TVC টি নিয়মিত বিনামূল্যে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: TVC এর পেনড্রাইভ।

১৬/০৭/২০২৪

প্রত্যয় হাসান
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-২২৩৩৫৫৫৭৬
ই-মেইল: lgadmin2@lgd.gov.bd

সিনিয়র সচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন/নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ।
৩. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন/বাংলাদেশ বেতার, ঢাকা।
৪. মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. অফিস কপি।